দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তির জন্য আর কত অপেক্ষা

বাংলাদেশে এই প্রথম টানা দীর্ঘ ৮ বছর কোনো কারণ ছাড়া বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তকরণ স্থগিত রয়েছে। শিক্ষকরা মানুষ গড়ার কারিগর। যদি মাঠে/ রাস্তায় আন্দোলন করে তাঁদের অধিকার প্রতিষ্ঠা করতে হয় তাহলে এর চেয়ে লজ্জাজনক আর কিছুই নেই। এমনও বেসরকারি স্কুল-কলেজ আছে যেগুলো আজ থেকে ১৫/১৬ বছর আগে প্রতিষ্ঠিত। অথচ সরকারি অনুদান তথা এমপিওভুক্তিকরণ এখানো হয়নি। সুতরাং অধিকার প্রতিষ্ঠায় সেগুলোর এমপিওভুক্তিকরণ অত্যন্ত জরুরি। এ ব্যাপারে উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

তুহিন আখতার,
গ্রাম: গড়ফতেপুর, ডাকঘর: সোনাতলা, জেলা: বগুড়া